



**UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)**

**ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)**

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ২১ জুন ২০২৪

প্রেস রিলিজ

## রাঙামাটির সাজেকে মো. নাস্টম হত্যা মামলায় সচিব চাকমাসহ ইউপিডিএফ নেতাদের জড়িত করার নিন্দা

গত ১৮ জুন রাঙামাটির সাজেকের বাঘাইহাটে মো. নাস্টম হত্যায় সচিব চাকমাসহ ইউপিডিএফ ও তার সহযোগি সংগঠনের ১৫ জন নেতা ও অজ্ঞাতনামাদের আসামী করে ষড়যন্ত্রমূলকভাবে মামলা দেয়ার নিন্দা ও প্রতিবাদ জানিয়েছে ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।

আজ শুক্রবার, ২১ জুন ২০২৪ সংবাদ মাধ্যমে দেয়া এক বিবৃতিতে ইউপিডিএফ রাঙামাটি ইউনিটের সংগঠক সচল চাকমা বলেন, ‘বিএনপি জমানার “জজ মিঞা” নাটকের মতো মো. নাস্টম-এর খুনীদের রক্ষার জন্য মো. বাবুল ইসলামকে ব্যবহার করে ইউপিডিএফ নেতাদের নামে মামলা দিয়ে বাংলাদেশে সর্বকালের সেরা হাসির নাটক মঞ্চস্থ করা হয়েছে।’

সাজেকবাসীর ব্যাপক গণ প্রতিরোধের মুখে খুনী ঠ্যাঙাড়েদেরকে বাঘাইহাট থেকে সরিয়ে নেয়া হলেও তাদের গ্রেফতার না করে উল্টো নিরীহ ব্যক্তিকে উক্ত খুনের সাথে জড়িত করে মামলা দেয়া দেশের আইনের প্রতি চরম অশ্রদ্ধা প্রদর্শনের সামিল এবং ক্ষমতার নির্জলা অপব্যহার বলে মন্তব্য করে তিনি বলেন, প্রশাসনের এ ধরনের আচরণ অনভিপ্রেত ও অগ্রহণযোগ্য।

ইউপিডিএফ নেতা সচল চাকমা অবিলম্বে উক্ত মামলা থেকে সচিব চাকমাসহ ইউপিডিএফ ও গণ সংগঠনের নেতাদের নাম প্রত্যাহার, মো. নাস্টমের প্রকৃত খুনীদের গ্রেফতার-শাস্তি এবং ঠ্যাঙাড়ে বাহিনী ভেঙে দেয়ার দাবি জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।